# গণতন্ত্রে ভিন্নমত থাকবেই, এটিই তার সৌন্দর্য: মির্জা ফখরুল ইসলাম



বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম: সংগৃহীত ছবি

গণতন্ত্রের মূল শক্তি হলো ভিন্নমত গ্রহণের মনোভাব— এমন মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, “মতের অমিল থাকতেই পারে, সেটাই স্বাভাবিক। কিন্তু এই ভিন্নমতের ভিত্তিতেই সম্মিলিতভাবে দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে।"

আজ মঙ্গলবার (৮ জুলাই) বিকেলে বাংলা একাডেমিতে ঢাকা কলেজ ডিবেটিং সোসাইটির আয়োজনে এক বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তরুণদের উদ্দেশে মির্জা ফখরুল বলেন, “নতুন প্রজন্মই আগামী দিনের নেতৃত্ব দেবে। বাংলাদেশ একদিন মাথা উঁচু করে দাঁড়াবে তাদের হাত ধরেই। হতাশ হওয়ার সুযোগ নেই— সাহস আর চিন্তার স্বাধীনতা নিয়ে এগিয়ে যেতে হবে।”

তিনি আরও বলেন, “দুর্ভাগ্যজনকভাবে এদেশে দীর্ঘ সময় ধরে গণতন্ত্রের চর্চা ব্যাহত হয়েছে। মত প্রকাশের স্বাধীনতা বারবার খর্ব করা হয়েছে। তবে আমরা বিশ্বাস করি— এমন একটি বাংলাদেশ গড়তে হবে, যেখানে প্রত্যেক নাগরিক নিঃসংকোচে তার মতামত প্রকাশ করতে পারবে। বিএনপি সে লক্ষ্যেই অঙ্গীকারবদ্ধ।”

LENS ASIA